

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র জেলা জজের কার্যালয়
রংপুর।

অফিস আদেশ :

নং : ১৩০/২০১৭

তারিখ : ০৩/০৮/২০১৭ খ্রিঃ।

বিষয় : মৃত শওকত আলী, জারীকারক, নেজারত বিভাগ, জেলা জজ আদালত, রংপুর এর বিধবা স্ত্রী মোছাঃ ছিদ্দিকা বেগম-কে তাহার মৃত স্বামীর নামীয় সাধারণ ভবিষ্য তহবিলে জমাকৃত সমুদয় অর্থ মৃত্যুজনিত কারণে চূড়ান্ত উত্তোলনের অনুমতি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মৃত শওকত আলী, জারীকারক, নেজারত বিভাগ, জেলা জজ আদালত, রংপুর এর বিধবা স্ত্রী মোছাঃ ছিদ্দিকা বেগম কর্তৃক তাহার মৃত স্বামীর নামীয় সাধারণ ভবিষ্য তহবিল হিসাব নং III/বিচার/মিঠা/রং/০৮ তে জমাকৃত ২৯,৬০৩/- (উনত্রিশ হাজার ছয়শত তিন) টাকা চূড়ান্ত উত্তোলনের আবেদনের প্রেক্ষিতে জেলা হিসাবরক্ষণ অফিসারের কার্যালয়, রংপুর এর গত ৩০/০৬/ ২০১৭ খ্রিঃ তারিখের ডি.এ.ও/রং/চূড়ান্ত/অথরিটি/৭৫৮ নং পত্র এবং ভারপ্রাপ্ত জজ, নেজারত বিভাগ, জেলা জজ আদালত, রংপুর এর গত ১৮/০৭/২০১৭ খ্রিঃ তারিখের ১৭০/নেজা/২০১৭ নং স্মারক পত্রসহ অত্র আদালতের প্রশাসনিক কর্মকর্তা ও হিসাবরক্ষকের প্রতিবেদন দেখিলাম। উক্ত প্রতিবেদনের আলোকে সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা, ১৯৭৯ এর বিধি ২১, অনুচ্ছেদ (১), উপ-অনুচ্ছেদ (বি) অনুযায়ী মোছাঃ সিদ্দিকা বেগম-কে তাহার মৃত স্বামীর নামীয় সাধারণ ভবিষ্য তহবিল হিসাব নং III/বিচার/মিঠা/রং/০৮ তে জমাকৃত ২৯,৬০৩/- (উনত্রিশ হাজার ছয়শত তিন) টাকা চূড়ান্ত উত্তোলনের অনুমতি প্রদান করা হইল।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হউক।

স্বাক্ষরিত
(ছমায়ুন কবীর)
সিনিয়র জেলা জজ
রংপুর


স্মারক নং : জেঃজঃরংঃ- ৩৭৬(৫)/২০১৭

তারিখ : ০৩/০৮/২০১৭ খ্রিঃ।

জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। ভারপ্রাপ্ত জজ, নেজারত বিভাগ/হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
- ২। চেয়ারম্যান, জেলা আদালত বাতায়ন হালনাগাদকরণ কমিটি, রংপুর, (অত্র আদেশ জেলা আদালত বাতায়নে প্রকাশের নির্দেশসহ)।
- ৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর।
- ৪। মোছাঃ সিদ্দিকা বেগম, স্বামী মৃত শওকত আলী, জারীকারক, নেজারত বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
আবাসিক ঠিকানা : গ্রাম-তাজহাট কানুনগোটোলা ২/১, ডাকঘর-আলমনগর, ওয়ার্ড নং-২৮, থানা-কোতয়ালী, জেলা-রংপুর।
- ৫। আদেশ বহি/অফিস ফাইল।

আদেশক্রমে


৩৬/০৮/১৭
প্রশাসনিক কর্মকর্তা
জেলা জজ আদালত
রংপুর।